

## মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১

মুসনাদে আবু বকর সিদ্দিক (রাঃ) [আবু বকরের বর্ণিত হাদিস] (مسند أبي بكر)

আরবী

حَدَّثَنَا أَبُو عَبْدِ الرَّحْمَنِ عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ مُحَمَّدٍ بْنِ حَنْبَلٍ، قَالَ: حَدَّثَنِي أَبِي أَحْمَدَ بْنُ مُحَمَّدٍ بْنِ حَنْبَلٍ بْنِ هَلَالٍ بْنِ أَسَدٍ، مِنْ كِتَابِهِ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، قَالَ أَخْبَرَنَا إِسْمَاعِيلُ - يَعْنِي ابْنَ أَبِي خَالِدٍ - عَنْ قَيْسٍ، قَالَ: قَامَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ فَحَمَدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ: يَا أَيُّهَا النَّاسُ، إِنَّكُمْ تَقْرَءُونَ هَذِهِ الْآيَةَ: (يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا عَلَيْكُمْ أَنفُسُكُمْ لَا يَضُرُّكُمْ مَنْ ضَلَّ إِذَا اهْتَدَيْتُمْ) [المائدة: ١٠٥] ، وَإِنَّا سَمِعْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "إِنَّ النَّاسَ إِذَا رَأَوُا الْمُنْكَرَ فَلَمْ يُغِيِّرُوهُ، أَوْ شَكَّ أَنْ يَعْمَلُوا اللَّهُ بِعِقَابِهِ"

إسناده صحيح على شرط الشيفين. قيس: هو ابن أبي حازم. وأخرجه ابن أبي شيبة ١٧٤ - ١٧٥، وعن ابن ماجه (٤٠٠٥)، والمرزوقي في "مسند أبي بكر" (٨٨) عن عبد الله بن نمير، بهذا الإسناد.

وأخرجه الحديدي (٢)، وأبو داود (٤٣٣٨)، والمرزوقي (٨٦) و (٨٧)، والبزار (٦٥)، وأبو يعلى (١٣٢)، وابن حبان (٣٠٤) من طرق عن إسماعيل بن أبي خالد، به. وسيأتي ببرقم (١٦) و (٢٩) و (٣٠) و (٥٣)

বাংলা

১। আবু আবদুর রহমান আবদুল্লাহ ইবনে আহমাদ বিন মুহাম্মাদ বিন হাস্বল বলেনঃ আমাকে আমার পিতা আহমাদ বিন মুহাম্মাদ বিন হাস্বল বিন হিলাল বিন আসাদ তদীয় পুস্তক থেকে জানিয়েছেন এবং বলেছেনঃ আমাকে আবদুল্লাহ বিন নুমায়ের বলেছেন, আমাকে ইসমাঈল (অর্থাৎ খালিদের পিতা) কায়েস থেকে বর্ণনা করেছেন যে, একদিন আবু বাকর (রাঃ) জনসমক্ষে দাঁড়ালেন, আল্লাহর প্রশংসা করলেন, অতঃপর বললেনঃ হে জনগণ! তোমাদের মধ্যে যে কোন ব্যক্তি এ আয়াত পাঠ করে থাকেঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا عَلَيْكُمْ أَنفُسُكُمْ لَا يَضُرُّكُمْ مَنْ ضَلَّ إِذَا أَهْتَدَنَا

অর্থাৎ “হে মুমিনগণ! তোমরা নিজেদের ব্যাপারে সাবধান হও। তোমরা নিজেরা যখন হিদায়াত লাভ করবে (সৎপথে চলবে) তখন যে ব্যক্তি বিপথগামী হয়েছে, সে তোমাদের কোন ক্ষতি করতে পারবে না”। (মায়েদাঃ ১০৫)

কিন্তু আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ “লোকেরা যখন অন্যায় সংঘটিত হতে দেখবে, অথচ তার প্রতিরোধ করবে না, তখন অচিরেই আল্লাহ্ তাদের ওপর সর্বব্যাপী আয়াব নাযিল করবেন।” (অর্থাৎ অন্যায়কারী ও অন্যায় সহকারী-সকলেই সেই আয়াবে নিপত্তি হবে।) [১]

## English

It was narrated that Qais said:

Abu Bakr stood up and praised and glorified Allah, then he said: O people, you recite this verse: `O you who believe! Take care of your own selves. If you follow the (right) guidance (and enjoin what is right (Islamic Monotheism and all that Islam orders one to do) and forbid what is wrong (polytheism, disbelief and all that Islam has forbidden)] no hurt can come to you from those who are in error` (al-Maidah 5:105]. We heard the Messenger of Allah ﷺ say: `If the people see evil and do not change it, soon Allah will send His punishment upon them all.'

## ফুটনোট

[১]. ভূমায়দী, ইবনে আবি শায়বাহ আবদ বিন ভূমাইদ, আবু দাউদ, তিরমিয়ী, ইবনে মাজাহ, বায়ার, মারওয়ায়, আবু ইয়ালা, তাহাবী, ইবনে হিক্বান, বাইহাকী ও বাগাওয়ী নিজ নিজ হাদীস গ্রন্থে এবং আত্তাবারী তদীয় তাফসীরে এ হাদীসটি উকূল করেছেন। এর সকল বর্ণনাকারী বিশ্বস্ত। অত্র মুসলাদেও ১৬, ২৯, ৩০ ও ৫৩ নং হাদীসে এর পুনরাবৃত্তি লক্ষণীয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62644>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন